গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০১৬.০৬.০০৪.১৮(অংশ-২). ২০৭

তারিখ ০৫ অগ্রহায়ণ ১৪২৯ ব: / ২০ নভেম্বর ২০২২ খ্রি:

**বিষয়: অক্টোবর ২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা কামাল<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ | : | ১০-১১-২০২২ খ্রি: |
| সময় | : | বেলা ১০.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ।
পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্হাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সংসদ ও সমন্বয়) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ২৮-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে অনুমোদন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন। | গত ২৮-০৯-২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের কর্মসূচি** | উপসচিব (সংসদ ও সমন্বয় ) সভাকে অবহিত করেন যে নৌপরিবহন মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা কর্তৃক যে সমস্ত কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে সেগুলোর সমন্বিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের লক্ষ্যে অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে আহবায়ক করে গত ২১-০৮-২০২২ তারিখে ৪ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের নিমিত্ত দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কতিপয় তথ্য-উপাত্ত প্রদানের জন্য গত ১৭-০৯-২০২২ তারিখে পত্র দেয়া হয়েছে। প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের কার্যক্রম চলমান।<br>সভাপতি দ্রুত সমন্বিত প্রতিবেদন প্রনয়ণপূর্বক প্রকাশ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | দ্রুত সমন্বিত প্রতিবেদন প্রণয়নপূর্বক প্রকাশ করতে হবে। | উপসচিব (প্রশাসন) |
| ৩. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, প্রস্তাব অনুসারে মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ সালের এপিএ সংশোধনী মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। মন্ত্রণালয় সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার এপিএ টিম স্ব স্ব কার্যক্রম নিয়মিত মনিটরিং করছেন। ২০২২-২০২৩ সালের প্রথম প্রান্তিকের অগ্রগতি এপিএ এম এস সফটওয়্যারে যথাসময়ে আপলোড করা হয়েছে মর্মে এপিএ টিম লিডার সভায় জানান। এপিএ টিম লিডার সভায় আরো জানান . যে, জুন ২০২২ সময়ে বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসির সমাপ্ত প্রকল্পের মোট ১২টি যানবাহন কেন্দ্রীয় | ১. এপিএ-তে সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার এপিএ টিম নিয়মিত সভা করবে। দপ্তর ও সংস্থা প্রধানগণ বিষয়টি নিশ্চিত করবেন।<br>২. ২০২২-২৩ সালে সকল এপিএ যথাযথ বাস্তবায়ন নিয়মিত মনিটরিং করতে হবে।<br>৩.বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসির সমাপ্ত প্রকল্পের যানবাহন অবিলম্বে কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদান এবং সংস্থার টিওএন্ডই'তে সংস্থান থাকলে | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল)<br>২. এপিএ টিম লিডার সকল<br>৩. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/ বিআইডব্লিউটিসি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিবহন পুলে জমা না হওয়ার শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন বাধাগ্রস্ত হচ্ছে। সভাপতি সংশ্লিষ্ট সকলকে এপিএ'র প্রতিটি সূচক যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিকতর তৎপর হওয়ার পরামর্শ দেন। সংশোধিত এপিএ অনুসারে কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্টদের পরামর্শ দেন।<br><br>সভাপতি আরো বলেন বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসির সমাপ্ত প্রকল্পের ১২টি যানবাহন জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন পুলে জমা প্রদান এবং টিওএন্ডইতে সংস্থান থাকলে একই পত্রে বরাদ্দ চাওয়ার জন্য পরামর্শ দেন। | একই পত্রে বরাদ্দ চাওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪. | **ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ** | **ই-নথি ব্যবস্থাপনাঃ**<br>সিস্টেম এনালিস্ট জনাব জি এম ফয়সাল আহমদ মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের ই-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে, ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৮৫% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটে সেবা বক্সগুলো নির্ধারিত লোগো/তথ্য অনুযায়ী হালনাগাদ রাখতে হবে।<br><br>সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথিতে নথি বা কার্যসম্পাদনের সচেষ্ট থাকার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। একইসাথে সংস্থার ফাইল ই-নথিতে নিষ্পত্তির শতকরা হার বাড়তে হবে। | ক. দপ্তর ও সংস্থা প্রধান<br>খ. সিস্টেম এনালিস্ট, নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| ৫. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, গত ১৫-০৯-২০২২ তারিখে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থসমূহের ৪৭৪টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, ৮৮১টি অগ্রিম অডিট আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১৪৯২টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। গত দুই মাসে ৫৩টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। এগুলোর সাথে ৯৩০৯.৭৯ কোটি টাকা জড়িত আছে। জাতীয় নদী রক্ষা কমিশনের অডিট আপত্তির সঠিক সংখ্যা উপসচিব (অডিট ও আইন) এবং নদী রক্ষা কমিশনের কর্মকর্তা যথাযথভাবে নিষ্পত্তি করেছেন মর্মে সভায় অবহিত করা হয়।<br><br>সভাপতি অডিট আপত্তি সমূহ যথাসময়ে নিষ্পত্তিকরণের জন্য দপ্তর/ সংস্থাসমূহের প্রধানগণকে অনুরোধ জানান। | ১. বিআইডব্লিউটিসি'র অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২. দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি<br>২.সকল দপ্তর/ সংস্থা প্রধান ও উপসচিব (অডিট ও আইন) অধিশাখা |
| ৬. | দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৪৬৫টি। ৪৪৩টির জবাব দাখিল করা হয়েছে। ১৫টির জবাব দাখিল করা হয়নি। সরকারের পক্ষে বিআইডব্লিউটিএ'র ৭টি মামলা নিষ্পত্তি হয়েছে।<br><br>সভাপতি রিট ও দেওয়ানি মামলাসমূহের জবাব যথাসময়ে প্রদান এবং নিষ্পত্তির জন্য | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের মামলা নিষ্পত্তির জন্য প্রয়োজনে আইনজীবী নিয়োগ করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার মামলার সঠিক হিসাব রাখতে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দপ্তর/ সংস্থাসমূহের প্রধানগণকে অনুরোধ জানান। তিনি আরো বলেন ১৫ টি মামলার জবাব দাখিল করা হয়নি। এই মামলার পরবর্তী শুনানী তারিখ লিখে রাখতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। | | |
| ৭. | তথ্য অধিকার আইন (আরটিআই) | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সভায় এ বিষয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হচ্ছে এবং তথ্য ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা হচ্ছে। ২০২১-২২ এর বার্ষিক প্রতিবেদন ইতোমধ্যে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।<br><br>সভাপতি এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br><br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br>২.মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ উপসচিব (জাহাজ)। |
| ৮. | **বিবিধ:**<br>**৮.১ মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম** | চেয়ারম্যান চবক জানান যে, মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ আনুষংগিক অন্যান্য কাজ জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। সভায় আরো জানানো হয় যে, অবশিষ্ট কাজের জন্য ৩য় টেন্ডার আহরণ করা হয়েছে।<br><br>সভাপতি অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ আনুষংগিক অন্যান্য কাজের জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন | অবশিষ্ট কাজের ৩য় টেন্ডারের কার্যাদেশ জরুরী ভিত্তিতে প্রদান করতে হবে। | প্রশাসন শাখা ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করেন। | | |
| | ৮.২ ক্যাডার সার্ভিসের নাম পদবি ব্যবহার সংক্রান্ত | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে,<br>১.পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে বিআইডব্লিউটিএ'র অনুমোদন পাওয়া যায় ১৬-০৮-২০২২ তারিখে এবং জাতীয় নদী রক্ষা কমিশনের অনুমোদন পাওয়া যায় ০৭-০৯-২০২২ তারিখে। চবক, মোবক, পাবক ও বাস্হবক-এর প্রস্তাব পর্যালোচনার নিমিত্ত গত ০৫-০৯-২০২২ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক চবক-এর প্রস্তাব ২৩-১০-২০২২ তারিখ, পাবক-এর প্রস্তাব ৩০-১০-২০২২ তারিখ এবং বাস্হবক ও মোবক-এর প্রস্তাব ০২-১১-২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং বিএসসি'র অর্গানোগ্রাম অনুযায়ী পদবী "কোম্পানী সেক্রেটারি" করার প্রস্তাব পাওয়া যায়নি। এমডি, বিএসসি জানান যে, কর্পোরেশনের কর্মচারী প্রবিধানমালায় "সচিব" পদবী রয়েছে। এ প্রসঙ্গে বিস্তারিত পর্যালোচনাক্রমে উক্ত পদবী পরিবর্তন করত: প্রস্তাব দাখিল করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সভাপতি দ্রুত প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ রাখতে হবে। বিএসসি কর্তৃক 'সচিব' পদের পরিবর্তে উপযুক্ত পদনাম প্রস্তাব করবে। | ১. প্রশাসন অনুবিভাগ/ চেয়ারম্যান, চবক, মোবক, পাবক ও বাস্হবক<br>২. এমডি, বিএসসি<br>৩.উপসচিব (বিএসসি) |

| | | | | |
|---|---|---|---|---|
| | সংক্রান্ত। | তার সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ঢাকা, কুমিল্লা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামের মোট ৭টি ঘাট/পয়েন্ট ইজারা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি বিষয়ে তথ্য-উপাত্ত পর্যালোচনা করা হয়েছে। এ ৭টি ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সহসাই কমিটি প্রতিবেদন দাখিল করবেন মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সভাপতি ঘাট/পয়েন্ট ইজারা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি বিষয়ে তথ্য-উপাত্ত প্রতিবেদন পেশ নভেম্বর মাসের মধ্যে করার জন্য কমিটিকে নির্দেশনা প্রদান করেন। | প্রতিবেদন পেশ করতে হবে। | |
| | ৮.৪<br>**বিভাগীয় মামলার তথ্য প্রেরণ।** | উপসচিব (সংসদ ও সমন্বয় ) জানান যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন নৌপরিবহন অধিদপ্তরের চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার জনাব এ কে এম ফখরুল ইসলাম, চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার জনাব এস এম নাজমুল হক, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার জনাব মির্জা সাইফুল রহমান-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রয়েছে। দপ্তর/সংস্থাপ্রধানগণ তাদের বিভাগীয় মামলার বিষয়টি দ্রুত নিষ্পত্তি করা হবে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সভাপতি দ্রুত সময়ের মধ্যে বিভাগীয় মামলা নিষ্পত্তি করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। | ক. দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা এ মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা থেকে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>খ. দ্রুত সময়ের মধ্যে বিভাগীয় মামলা নিষ্পত্তি করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২.প্রশাসন-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮.৫ অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ। | উপসচিব (সংসদ ও সমন্বয় ) জানান যে, দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করতে পারেন। দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করেন।<br><br>সভাপতি অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য দপ্তর ও সংস্থা প্রধানগণকে অনুরোধ করেন। | সকল দপ্তর ও সংস্থার প্রধানগণকে দ্রুত অনিষ্পন্ন কাজের তালিকা করতে হবে। | ১. মন্ত্রণালয়<br>২. দপ্তর ও সংস্থা |
| | ৮.৬ ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ বিএসসি'র জাহাজ সম্পর্কে আলোচনা | বিএসসি'র জাহাজ এম ভি বাংলার সমৃদ্ধি জাহাজের সর্বশেষ অবস্থা এমডি, বিএসসি মহোদয় সভায় উপস্থাপন করেন। তিনি বলেন বিএসসি'র জাহাজ এম ভি বাংলার সমৃদ্ধির রিপোর্ট প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানে হয়েছে।<br><br>সভাপতি ইউক্রেন যুদ্ধে এম ভি বাংলার সমৃদ্ধি জাহাজের সর্বশেষ অগ্রগতির প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ে দ্রুত পাঠাতে নির্দেশ প্রদান করেন। | ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ বিএসসি'র জাহাজ এম ভি বাংলার সমৃদ্ধি জাহাজের গৃহীত কার্যক্রমের বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | বিএসসি/ উপসচিব (বিএসসি) |
| | ৮.৭ মোবক কর্তৃক বাস্তবায়নাধীন "মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ প্রসঙ্গো। | চেয়ারম্যান, মোবক জানান যে ভারতীয় ৩য় এলওসি'র অর্থায়নে মোবক কর্তৃক বাস্তবায়নাধীন "মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় একজন স্বতন্ত্র প্রকল্প পরিচালক নিয়োগ প্রদানের জন্য মন্ত্রণালয় হতে গত ২৬-০৭-২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ে | একজন নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, মোবক/ উপসচিব (উন্নয়ন-১)<br>২.প্রশাসন-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যোগাযোগ করছেন। এখনো কোন কর্মকর্তা পদায়ন করা হয়নি।<br><br>সভাপতি উল্লিখিত প্রকল্পের জন্য একজন স্বতন্ত্র প্রকল্প পরিচালক নিয়োগের মাধ্যমে পদটি জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| | ৮.৮ পাবক-এর পরিচালক (অর্থ) পদে নিয়োগ প্রসঙ্গে। | উপসচিব (সংসদ ও সমন্বয় ) সভাকে অবহিত করেন যে, পাবক-এর পরিচালক (অর্থ) পদে নিয়োগের জন্য গত ২৬-০৯-২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এখনো কোন কর্মকর্তা পদায়ন করা হয়নি।<br><br>সভাপতি উল্লিখিত পদটি জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (অর্থ) পদটি জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করতে হবে। | চেয়ারম্যান, পাবক/<br>উপসচিব (পাবক) |
| | ৮.৯ মন্ত্রণালয়ের ২০২২-২৩ সালের বাজেট বাস্তবায়ন ও অডিট প্রতিবেদন প্রকাশ সংক্রান্ত। | উপসচিব (বাজেট) সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে পরিচালন এবং উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা ইতোমধ্যে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তিনি ৩১ ডিসেম্বরের মধ্যে দপ্তর/সংস্থার ২০২১-২২ সালের অডিটকৃত আর্থিক বিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অর্থ বিভাগের নির্দেশনা রয়েছে মর্মে জানান।<br><br>সভাপতি ক্রয় পরিকল্পনা অনুসারে বাজেট বাস্তবায়ন এবং যথাসময়ে বার্ষিক আর্থিক বিবরণী প্রকাশের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ | ১. ক্রয় পরিকল্পনা অনুসারে বাজেট বাস্তবায়ন করতে হবে।<br>২.নির্দিষ্ট সময়ে ২০২১-২০২২ সালের আর্থিক প্রতিবেদন প্রকাশ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. উপসচিব, বাজেট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ্রহণের জন্য দপ্তর ও সংস্থার প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন। | | |
| | ৮.১০ চবক-এর সদস্য (প্রশাসন ও প্ল্যানিং) এবং আইন কর্মকর্তা পদে নিয়োগ প্রসঙ্গে। | চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বলেন যে, চবক-এর সদস্য (প্রশাসন ও প্ল্যানিং) পদে নিয়োজিত কর্মকর্তা অবসরে যাচ্ছেন এবং আইন কর্মকর্তা উচ্চতর পদে পদোন্নতি পেয়ে অন্যত্র বদলি হয়েছেন। বিধায় উক্ত পদ ২টি শূন্য হয়েছে। দাপ্তরিক কাজের প্রয়োজনে উক্ত পদ ২টি পূরণ করা প্রয়োজন।<br><br>সভাপতি উল্লিখিত পদ ২টি পূরণের নিমিত্ত প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | চবক-এর সদস্য (প্রশাসন ও প্ল্যানিং) এবং আইন কর্মকর্তা পদ ২টি পূরণের জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, চবক/উপসচিব (প্রশাসন)/ সিনিয়র সহকারী সচিব (চবক) |
| | ৮.১১ চবক-এর কর্তৃপক্ষের অনুকূলে নৌপরিবহন অধিদপ্তরের আওতাধীন কুতুবদিয়া লাইট হাউজের ০৫ (পাঁচ) কাঠা জমি ব্যবহারের অনুমতি প্রসঙ্গে। | চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর জানান যে, গত ১৪-০৩-২১ খ্রি. কক্সবাজারের কুতুবদিয়ায় চবকের VTMIS extension with Video Surveillance up to Kutubdia to Mirsari এ VTMIS Tower স্থাপনার নিমিত্ত কুতুবদিয়া লাইট হাউজের ১০ কাঠা জমি প্রদানের জন্য অনুরোধ করেন। চবকের পত্রের প্রেক্ষিতে নৌপরিবহন অধিদপ্তর সংশ্লিষ্টদের মতামত প্রদানের জন্য পত্র প্রেরণ করে। তৎপ্রেক্ষিতে নৌবাণিজ্য দপ্তর, চট্টগ্রাম (এবং EGMINS প্রকল্প হতে ইতিবাচক মতামত প্রদান করা হয়। ফলে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অনুকূলে নৌপরিবহন অধিদপ্তরের আওতাধীন কুতুবদিয়া লাইট হাউজের ০৫ | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অনুকূলে নৌপরিবহন অধিদপ্তরের আওতাধীন নৌবাণিজ্য দপ্তরের কুতুবদিয়া লাইট হাউজের জন্য ব্যবহৃত জমি হতে ০৫ (পাঁচ) কাঠা জমি ব্যবহারের অনুমতি প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১.নৌপরিবহন মন্ত্রণালয়<br>২. চেয়ারম্যান (চবক)<br>৩.মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কাঠা জমি প্রদান করা যেতে পারে মর্মে নৌপরিবহন অধিদপ্তর হতে জানানো হয়েছে।<br><br>সভাপতি উল্লিখিত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অনুকূলে নৌপরিবহন অধিদপ্তরের আওতাধীন কুতুবদিয়া লাইট হাউজের ০৫ (পাঁচ) কাঠা জমি ব্যবহারের জন্য অনুমতি প্রদান করেন। | | |
| | ৮.১২ বিবিধ | সভাপতি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পায়রা বন্দর উদ্বোধন অনুষ্ঠান সুন্দরভাবে আয়োজন করার জন্য ধন্যবাদ জানানো হয়। রোড Connectivity, Inland Connectivity of Payra port এর বিষয়ে একটা Workshop আয়োজন করার পরামর্শ দেন। | | |
| | | পাবনা, রংপুর, সিলেট, বরিশাল ৪টি মেরিন একাডেমী থেকে স্লুইস গেটের জন্য প্রস্তাব পাওয়া গেছে। সভা করে প্রকল্প প্রস্তুত করতে হবে।<br><br>সভাপতি মিটিং করে উক্ত প্রকল্প প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন। | | |
| | | চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সভাকে জানান যে, চবকের কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে গৃহ নির্মান ঋণ প্রদান বিষয়ে একটি নীতিমালা তৈরির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত নীতিমালা অনুমোদনের জন্য অনুরোধ জানান। ২৯/০৫/২০২২ গৃহঋণ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নীতিমালা বিষয়ে অবগত করেন।<br><br>সভাপতি গৃহ নির্মান ঋণ নীতিমালা অনুমোদনের জন্য সভা করে সিদ্ধান্ত গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| | | চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি জানান যে, বিআইডব্লিউটিসি'র চীফ ইঞ্জিনিয়ার পদটি দ্রুত পূরণ করা প্রয়োজন।<br><br>সভাপতি বিআইডব্লিউটিসি'র চীফ ইঞ্জিনিয়ার শূণ্যপদে নিয়োগের ক্ষেত্রে পদোন্নতি, ফিডার পদে প্রার্থী না থাকলে সরাসরি, চুক্তিভিত্তিক, অথবা উক্ত কাজে পারদর্শী কোন নিয়োগ প্রার্থী থাকলে চলতি দায়িত্ব দিয়ে কার্য সম্পাদন করতে হবে। | | |
| | | চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি জানান যে, বিআইডব্লিউটিসি'র চীফ ইঞ্জিনিয়ার পদটি দ্রুত পূরণ করা প্রয়োজন।<br><br>সভাপতি বিআইডব্লিউটিসি'র চীফ ইঞ্জিনিয়ার শূণ্যপদে নিয়োগের ক্ষেত্রে পদোন্নতি, ফিডার পদে প্রার্থী না থাকলে সরাসরি, চুক্তিভিত্তিক, নিয়োগ দিতে হবে অথবা পারদর্শী কোন নিয়োগ প্রার্থী থাকলে চলতি দায়িত্ব দিয়ে কার্য সম্পাদন করতে হবে। | | |
| | | বরিশাল মেরিন একাডেমির কমান্ড্যান্ট সভাকে অবহিত করেন যে, বরিশাল মেরিন | | ১.কমান্ড্যান্ট, বরিশাল মেরিন একাডেমি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | একাডেমির জমি অধিগ্রহণ ও প্রশাসনিক অনুমোদন প্রয়োজন।<br><br>সভাপতি জমি অধিগ্রহণের নিমিত্ত প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | | ২. উপসচিব (নৌশিক্ষা ও প্রশিক্ষণ। |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৩/২০২২

(মোঃ মোস্তফা কামাল)
সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০১৬.০৬.০০৪.১৮(অংশ-২).**২০৯**

তারিখ ০৭ অগ্রহায়ণ ১৪২৯ ব: / ২২ নভেম্বর ২০২২ খ্রি:

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/চবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/মোবক/বাস্থবক/পাবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৪। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল/পাবনা/সিলেট ও রংপুর।
৬। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৭। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৮। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
৯। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

22/11/22

(মোছাঃ নাজমুন নাহার)
উপসচিব (সংসদ ও সমন্বয়)

অনুলিপি:

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।